

## এভিয়েশন-টুরিজম খাতে সম্মাননা পেলেন ১০ নারী

- A Monitor Desk Report

Date: 14 March, 2024



ঢাকা: এভিয়েশন ও টুরিজম খাতে গুরুত্বপূর্ণ অবদানের জন্য এটিজেএফবি এভিয়েটর উইমেন্স আইকন অ্যাওয়ার্ড পেয়েছেন এই খাতের ১০ নারীকর্মী।

বুধবার (১৩ মার্চ) রাজধানীর ঢাকা ক্লাবের স্যামসন এইচ চৌধুরী মিলনায়তনে এক অনুষ্ঠানে তাদের এ সম্মাননা দেওয়া হয়।

এভিয়েশন ও পর্যটন খাতের সাংবাদিকদের সংগঠন এভিয়েশন ও টুরিজম জার্নালিস্ট ফোরামের (এটিজেএফবি) আয়োজনে অনুষ্ঠানে বিজয়ীদের হাতে সম্মাননা তুলে দেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের মন্ত্রী মুহাম্মদ ফারুক খান এমপি।

এ সময় আরও উপস্থিত ছিলেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব মো. মোকাম্মেল হোসেন, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মফিদুর রহমান, বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের এমডি ও সিইও শফিউল আজিম, এটিজেএফবি'র সভাপতি তানজিম আনোয়ার এবং সাধারণ সম্পাদক (ভারপ্রাপ্ত) বাতেন বিপ্লব প্রমুখ।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে পর্যটনমন্ত্রী ফারুক খান বলেন, নারীদের যখনই সুযোগ দেওয়া হয়েছে তখনই তারা ভালো করেছেন এবং এগিয়ে গিয়েছেন। নারীরা প্রমাণ করেছেন তারা কারো থেকে কোনো অংশে কম নয়, প্রতিটি ক্ষেত্রে তারা তাদের যোগ্যতার স্বাক্ষর রাখছেন। আজকের অ্যাওয়ার্ডটিও একটি ইউনিক অ্যাওয়ার্ড। এই আয়োজনের ধারাবাহিকতা বজায় রাখার জন্য যা যা প্রয়োজন আমরা তাই করবো।

তিনি বলেন, একটা সময় নারীদের অগ্রযাত্রায় যে অন্তরায় ছিল তা এখন অনেকাংশে কেটে গিয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাত ধরেই বাংলাদেশে নারীর ক্ষমতায়নের প্রকৃত যাত্রা শুরু হয়। গ্রামীণ নারী, নারী উদ্যোক্তা, নারী শিক্ষা, ক্রীড়া, চাকরিতে নারীর অধিকার, জাতিসংঘের শান্তিরক্ষী বাহিনীতে বাংলাদেশ থেকে নারী সদস্যের অন্তর্ভুক্তি ও রাজনীতিতে নারীর অংশগ্রহণ বৃদ্ধিসহ বিভিন্ন স্তরে ও বিভিন্ন ক্ষেত্রে তিনি নারীর ক্ষমতায়নে ব্যবস্থা গ্রহণ করে সফল হয়েছেন।

মন্ত্রী বলেন, প্রকৃত অর্থে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের নারীরা এখন সব দিক থেকেই অনেক বেশি আত্মপ্রত্যয়ী, আত্মনির্ভরশীল ও প্রতিষ্ঠিত। নারীর ক্ষমতায়নে প্রধানমন্ত্রীর কাজ আজ শুধু দেশেই নয়, সারা বিশ্বে প্রশংসিত। আমি প্রত্যাশা করি, এভিয়েশন সেক্টরে নারীরা আরও এগিয়ে যাবেন। এজন্য যে ধরনের সুযোগ সুবিধা দেওয়া প্রয়োজন সেটি আমরা দেব।

অনুষ্ঠানে এভিয়েশন উদ্যোক্তা ক্যাটাগরিতে ইউএস-বাংলা এয়ারলাইন্সের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর (ডিএমডি) দিলরুবা পারভীন, ট্যুরিজম উদ্যোক্তা ক্যাটাগরিতে বাটারফ্লাই পার্কের চেয়ারম্যান মনোয়ারা হাকিম আলী, লিডারশিপ ক্যাটাগরিতে অ্যাটাবের সাধারণ সম্পাদক আফসিয়া জান্নাত সালেহা, সাংবাদিক ক্যাটাগরিতে গ্রিন টিভির নির্বাহী সম্পাদক নাদিরা কিরণ, এভিয়েশন ট্রেনিং ক্যাটাগরিতে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ট্রেনিং সেন্টারের উপমহাব্যবস্থাপক (ডিজিএম) রাশেদা কবির চৌধুরী, পাইলট ক্যাটাগরিতে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের তাসমিন দোজা, ওটিএ উদ্যোক্তা ক্যাটাগরিতে শেয়ার ট্রিপের সহপ্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী সাদিয়া হক, অ্যারোনোটিক্যাল ইঞ্জিনিয়ার ক্যাটাগরিতে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের অ্যারোনোটিক্যাল ইঞ্জিনিয়ার সামিয়া হালিম কবির, কেবিন ক্রু ক্যাটাগরিতে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের কেবিন ক্রু ফারহানা ইসলাম নুসরাত, ক্যালিনারি ট্যুরিজম ক্যাটাগরিতে ন্যাশনাল হোটেল ও ট্যুরিজম টেনিং ইনস্টিটিউটের ট্রেনিং জাহেদা বেগম পুরস্কার পান।

**-B**